**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 20-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## JP Nadda :

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা বলেছেন যে ২০১৭ সালে প্রবর্তিত স্বাস্থ্য নীতি একটি ব্যাপক নীতি, যার মধ্যে উপশমকারী, নিরাময়কারী, পুনর্বাসনকারী এবং প্রতিরোধমূলক পদ্ধতি রয়েছে। গতকাল রাজ্যসভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের কার্যকারিতা নিয়ে আলোচনার জবাবে, শ্রী নাড্ডা বলেন যে পূর্ববর্তী স্বাস্থ্য নীতিগুলির কেন্দ্রবিন্দু ছিল নিরাময়কারী। তিনি আরও বলেন যে নরেন্দ্র মোদী সরকার অ্যালোপ্যাথের পাশাপাশি আয়ুষের উপরও জোর দিয়েছে। এর আগে বিতর্কে অংশ নিয়ে বিজেপির ভুবনেশ্বর কলিতা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গতিশীল নেতৃত্বে দেশ স্বাস্থ্যসেবায় এক নতুন মাত্রা দেখতে পেয়েছে। জেডি(ইউ)-এর সঞ্জয় কুমার ঝা বলেন, গত দশ বছরে চিকিৎসকের অভাব বিবেচনা করে এক লক্ষ বিশ হাজারেরও বেশি নতুন এমবিবিএস আসন তৈরি করা হয়েছে।

*********************

## BHIM-UPI

কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল কম মূল্যের BHIM-UPI লেনদেনের প্রচারের জন্য একটি উৎসাহ ভাতা অনুমোদন করেছে। এই প্রকল্পটি আনুমানিক এক হাজার ৫০০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত হবে। কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্ত সম্পর্কে নতুনদিল্লিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সাংবাদিকদের বলেন, এই প্রকল্পটি ক্ষুদ্র ব্যবসায়ীদের কোনও অতিরিক্ত খরচ ছাড়াই UPI পরিষেবা গ্রহণের সুযোগ করে দেবে। তিনি বলেন, ক্ষুদ্র ব্যবসায়ীদের দুই হাজার টাকা

পর্যন্ত লেনদেনের জন্য প্রতি লেনদেন মূল্যের ০.১৫ শতাংশ হারে প্রণোদনা বা উৎসাহ ভাতা প্রদান করা হবে।

*****************************

**Press Meet Tinku Roy :**

আগামী ২৩শে মার্চ আগরতলায় রাজ্য বিধানসভা ভবনে বিকশিত ভারত ইয়ুথ পার্লামেন্ট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রাজ্যের সবকটি জেলা থেকে নির্বাচিত ৪০ জন প্রতিযোগী ইয়ুথ পার্লামেন্ট প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবেন। যুব বিষয়ক ও ক্রীড়া টিঙ্কু রায় গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এখবর জানিয়ে বলেন, এই প্রতিযোগিতায় প্রথম ৩ জন সংসদ ভবনে জাতীয় যুব সংসদে অংশ গ্রহণ করবে।

*****************

**NIT AGARTALA Acad - Conclave**

NIT আগরতলা এবং IIIT আগরতলার যৌথ উদ্যোগে NIT আগরতলায় দুই দিনের শিল্প কারিগরি ভিত্তিক শিক্ষা মূলক আলোচনাসভা ITA কনক্লেভ ২০২৫ গতকাল শেষ হয়েছে। সমাপ্তি অধিবেশনে গতকাল IIIT আগরতলার অধিকর্তা ড: অভয় কুমার বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের স্বপ্ন পুরনের উদ্দেশ্যে এই ধরনের শিল্প কারিগরি ভিত্তিক শিক্ষা মূলক কর্মসূচীর আয়োজন। কনক্লেভের মুখ্য উপদেষ্টা অধ্যাপক শুভ্রকমল দত্ত বলেন, এন আই টি আগরতলায় এই ধরনের কনক্লেভের আয়োজনে সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের স্বার্থের দিকে লক্ষ্য রেখে করা হয়েছে। এর আগে আকাশবাণী আগরতলা সঙ্গে এক সাক্ষাৎকারে এন আই টি আগরতলার অধিকর্তা অধ্যাপক শরত কুমার পাত্র বলেন, এ ধরনের উদ্যোগ উত্তর-পূর্বাঞ্চলের বহু ছাত্রছাত্রীর শিল্প ক্ষেত্রে কর্ম সংস্থানের সুযোগ তৈরী করবে।

****************

**Maan-Ki-Baat**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে| এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************

**NSS :**

আগরতলায় মহিলা মহাবিদ্যালয়ে গতকাল  থেকে এন এস এস ইউনিটের উদ্যোগে সাত দিনব্যাপি বিশেষ শিবির শুরু হয়েছে| উদ্বোধন করেন  আগরতলা পুর নিগমের কর্পোরেটের হিমানী দেববর্মা।

******************

**ADC:**

ADC-র উদ্যোগে মোহনপুর মহকুমার অভিচরণ বাজারে তিন কক্ষের দোকান ঘর উদ্বোধন করা হয় | এই দোকান ঘর নির্মানে ব্যায় হয়েছে ৯ লাখ ৮২ হাজার টাকা | ADC-র পূর্ত বিভাগের নির্বাহী সদস্য রুনেইল দেববর্মা, গতকাল ফিতে কেটে দোকান ঘরের উদ্বোধন করেন | অভিচরণ ভিলেজ কমিটির চেয়ারম্যান সুকুমার দেববর্মা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন |

********************

**Sports Talent Search :**

আগামীকাল থেকে আগামী ২৩শে মার্চ পর্যন্ত  আগরতলা উমাকান্ত স্কুল সংলগ্ন মাঠে রাজ্য ভিত্তিক ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। ক্রীড়া মন্ত্রী টিংকু রায় এখবর জানান। তিনি বলেন, স্কুল স্তরে ক্রীড়া বিষয়ে যাদের দক্ষতা রয়েছে তাদের প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা হবে। পরে বাছাই প্রতিভাদের প্রশিক্ষণের মধ্য দিয়ে আগামীদিনের জন্য তৈরী করা হবে। ব্লক স্তর থেকে জেলা স্তর পর্যন্ত এই প্রক্রিয়া ইতিমধ্যেই শেষ হয়েছে।

*************************

**Arshiya :**

উত্তর পূর্বাঞ্চলের প্রথম মহিলা দাবাড়ু হিসেবে মহিলা ক্যান্ডিডেট মাস্টার নর্ম পেলেন রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস। আন্তর্জাতিক দাবা ফেডারেশন থেকে এই নর্ম দেয়া হয়েছে। এর আগে পুরুষ বিভাগে রাজ্যের প্রসেঞ্জিৎ দত্ত এই নর্ম পেয়েছিলেন। বর্তমানে অর্শিয়ার আন্তর্জাতিক রেটিং ২১৭০। রাজ্যের এই তারকা দাবাড়ু জানান, আগামীদিনে রাজ্যের প্রথম মহিলা গ্র্যান্ডমাস্টার হওয়া তার লক্ষ্য।

******************

**WEATHER:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো  হয়, আকাশ  আংশিক মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে কোথাও  কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে |  আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৬ ডিগ্রী সেলসিয়াস | দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রীর কাছাকাছি |

*******************